# বিপিএটিসি স্কুল এন্ড কলেজ

প্রথম বিশেষ প্রস্তুতিমূলক অ্যাসাইনমেন্ট-২০২১

শ্রেণি : দশম

বিষয় : খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা

সময় : ৩ ঘন্টা পূর্ণমান : ১০০

## বিভাগ-ক

নিচের প্রশ্নগুলোর উত্তর দাও : ১×৩০=৩০

১। ঈশ্বরের অসীম ভালোবাসার প্রকাশ কী?
২। খ্রিষ্টীয় স্বাধীনতা কী?
৩। পৃথিবীর শ্রেষ্ঠতম জ্ঞান কী?
৪। বাস্তব জীবনের নানা ঘটনা কিসের সহায়ক?
৫। যীশুর পিতা ও মাতার নাম কী?
৬। একটি উত্তম সেবা কাজের নাম লিখ।
৭। সমাজকে কেন্দ্র করে কী গড়ে ওঠে?
৮। কী কারণে মানুষ হয়ে ওঠে একক ও অনন্য?
৯। প্রার্থনা কী?
১০। দেহ বাঁচিয়ে রাখার জন্য কী প্রয়োজন?
১১। সব মানুষের মুক্তিদাতা কে?
১২। মাদার তেরেজা প্রথম জীবনে কোন সংঘ করেন?
১৩। কার উপস্থিতি নিয়ে আমাদের ধ্যান করা উচিত?
১৪। ঈশ্বরের কণ্ঠস্বর কী?
১৫। ঈশ্বরের প্রতি বিশ্বাসহীন জীবন কেমন?
১৬। কেন মানুষ প্রশংসামূলক প্রার্থনা করে?
১৭। সুন্দর ও শান্তিময় জীবনের জন্য সর্বপ্রথম কী প্রয়োজন?
১৮। ক্ষতবিক্ষত ও ভগ্ন পৃথিবীর বৈশিষ্ট্য কী?
১৯। দশ আজ্ঞা অনুসারে মন্দ বা খারাপ কিছু করাকে কী বলে?
২০। 'সংস্কার' কথাটির অর্থ কী?
২১। ঈশ্বরের রূপ কেমন?
২২। পৃথিবীর সবকিছু কলঙ্কিত হওয়ার কারণ কোনটি?
২৩। মূল্যবোধের উৎস কয়টি?
২৪। Abstain অর্থ কী?
২৫। নেশার পরিণতি কী?
২৬। মার্টিন লুথার কিং কোন দেশের নাগরিক ছিলেন?
২৭। কখন চরিত্র গঠনের উত্তম সময়?
২৮। আমাদের চিন্তা, বুদ্ধি ও দর্শন কিসের উপর নির্ভরশীল?
২৯। খ্রিষ্টের দেখানো পথ কীরূপ?
৩০। ব্যক্তি জীবনের গভীরতম সমস্যা কোনটি?

## বিভাগ-খ ৭×১০=৭০

১। রোজ ও গিরিজা মুক্তির ধারণা সম্পর্কে কথা বলছে-
রোজ: আমরা সবাই মুক্ত থাকতে ভালোবাসি। ঈশ্বর আমাদের জন্য মুক্তিদাতা পাঠিয়েছেন।
গিরিজা: মোশির মাধ্যমে ঈশ্বর ইস্রায়েল জাতিকে মিশর থেকে মুক্ত করেছেন। এটি মানুষকে ভালোবাসার শক্তি।
(ক) মুক্তি কী? ১
(খ) স্বাধীনতার ৩টি অভ্যন্তরীন বাধা ব্যাখ্যা কর। ২
(গ) রোজের বক্তব্যের সাথে পাঠ্যবইয়ের কোন অংশের সাদৃশ্য রয়েছে দেখাও। ৩
(ঘ) গিরিজার উক্তির আলোকে স্বাধীনতার স্বরূপ বিশ্লেষণ কর। ৪

২। আনন্দপুর গ্রামের অরিন্দমকে ভালো ছেলে বলে সবাই চেনে। বড়দের সম্মান, ছোটদের ভালোবাসা, সমবয়সীদের সাথে সম্ভাব বজায় রেখে চলে। মানুষের উপকার করতে সে খুব ভালোবাসে। কেউ অসুস্থ হলে সে সেবার জন্য এগিয়ে যায়। মানুষকে সেবা ও ভালোবাসার জন্যই সে সকলের প্রিয়পাত্র।

(ক) ব্যক্তিস্বাতন্ত্র্য কী? ১

(খ) সম্পর্ক রক্ষার চারটি উপায় লেখ। ২

(গ) অরিন্দমের মধ্যে সেবাকাজের কোন ক্ষেত্রটি লক্ষ করা যায়-তা বর্ণনা কর। ৩

(ঘ) "সেবাকাজে অরিন্দম যেন যীশুরই প্রতিনিধি।"-উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৩। অদ্রিজা গোমেজ সেবাকাজে নিজেকে নিবেদন করেছেন বহু আগে। তিনি নিজের অভিজ্ঞতা ভাগ করেন নিজ প্রতিষ্ঠানের ছেলেমেয়েদের সাথে। তিনি বলেন, আমাদের জীবন ক্ষণস্থায়ী। ঈশ্বর চান আমরা যেন এ স্বল্প আয়ু মানবকল্যাণে নিবেদন করি। সর্বদা নিজের স্বার্থ খুঁজলে এটা সম্ভব নয়।

(ক) ঈশ্বর আমাদের কী উপহার দিয়েছেন? ১

(খ) আমরা কীভাবে জীবন সার্থক করতে পারি? ব্যাখ্যা কর। ২

(গ) অদ্রিজা গোমেজের মতো সেবাকাজে আত্মনিয়োগের উপায়সমূহ চিহ্নিত কর। ৩

(ঘ) যীশুর আত্মদান থেকে আমরা কী শিক্ষা গ্রহণ করতে পারি? ব্যাখ্যা কর। ৪

৪। রিয়াদের বাড়িতে সন্ধ্যাবেলায় প্রার্থনা হয়। তাদের পরিবারে প্রার্থনা সম্পর্কে সবাই সচেতন। একদিন রিয়াদের বাবা প্রার্থনার সময় বাইবেলের এ অংশটি বেছে নিলেন, "মানুষ কেবল রুটি খেয়েই বেঁচে থাকতে পারে না, বরং ঈশ্বরের বাণী খাদ্যরূপে গ্রহণ করেই সে বেঁচে থাকতে পারে।"

(ক) প্রার্থনাকে জীবনের কী বলা হয়? ১

(খ) অনুতাপমূলক প্রার্থনা বলতে কী বোঝায়? ২

(গ) রিয়াদের পরিবারে প্রার্থনা কোন ধরনের প্রার্থনার ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) "রিয়াদের পরিবারে প্রার্থনা সচেতনতা যেন ঈশ্বরের উপস্থিতি সম্পর্কে সচেতনতার বহিঃপ্রকাশ।"-মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

৫। অনন্ত শহরে পড়াশোনা করে। সে টেলিভিশনে সংবাদ দেখে আঁতকে ওঠে। গ্রামের বাড়ি থেকে ঘূর্ণিঝড়ের ফোন আসে। সে দ্রুত চলে আসে গ্রামে। গ্রামের যুবক-যুবতীদের নিয়ে কাজ শুরু করে। দুর্দশাগ্রস্ত মানুষের পাশে দাঁড়ায়। বিভিন্ন ধনী ব্যক্তি ও প্রতিষ্ঠানের কাছ থেকে সাহায্য তুলে তা বিতরণ করে এবং ভেঙে যাওয়া ঘরবাড়ি মেরামত করে দেয়। তারা আহতদের চিকিৎসাসেবার ব্যবস্থা করে, নিহতদের সৎকার করে ব্যস্তভাবে সময় কাটায়। তাদের কাজ ও সহায়তায় অল্পদিনের মধ্যে গ্রামটিতে একটা পরিবর্তনের চিহ্ন দেখা দেয়।

(ক) ঈশ্বর ও মানুষের সেতুবন্ধ কে? ১

(খ) খ্রিষ্টযোগ বলতে কী বোঝায়? ২

(গ) অনন্ত ও তার বন্ধুদের কার্যাবলি এবং পাঠ্যপুস্তকের যুদ্ধ-বিধ্বস্ত বাংলাদেশের সাদৃশ্য নির্ণয় কর। ৩

(ঘ) অনন্ত ও তার বন্ধুদের কাজের ফলাফল পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬। পায়েলের শৈশবকাল খুবই সুন্দর ছিল। বরাবরই সে শ্রেণিতে ভালো ফল করত। মা-বাবা তাকে নিয়ে খুবই গর্বিত ছিলেন এবং ভবিষ্যতে সে প্রতিষ্ঠিত হতে পারবে বলে তাদের ধারণা ছিল। নবম শ্রেণিতে অধ্যয়নাবস্থায় তার পিতামাতা লক্ষ করছেন যে পায়েল বাজে ছেলেদের সাথে চলাফেরা করে, পরীক্ষায় খরাপ ফল করছে। সন্ধ্যায় পূর্বতো বাড়ি ফিরেই না বরং মাঝে মাঝে অনেক রাতে নেশা করে বাড়ি ফিরে। তার পিতামাতা তাকে নিয়ে অনেক চিন্তিত। তাকে ভালো পথে ফিরিয়ে আনতে তারা অনেক চেষ্টা চালাচ্ছেন কিন্তু প্রতি পদক্ষেপেই তারা ব্যর্থ হন। পরিশেষে পায়েল অনেক জটিল রোগে আক্রান্ত হয়ে পড়ে। সুতরাং বলা যায়, 'নেশাই' পায়েলের জীবনকে কুরে কুরে ধ্বংস করে দিচ্ছে।

(ক) বর্তমান বিশ্বে এইডস কী হিসেবে পরিচিত? ১

(খ) এইডস আক্রান্ত ব্যক্তি সমাজে ঘৃণার পাত্র হয়ে ওঠে কেন? ২

(গ) কোন শিক্ষা আয়ত্ত করে পায়ের জীবন পরিচালনা করতে পারত?-ব্যাখ্যা কর। ৩

(ঘ) পায়েল তার পথ থেকে ফিরে আসতে কী কী পদক্ষেপ নিতে পারে?-মূল্যায়ন কর। ৪

৭। নিকিতা টম তার অমনোযোগী ভাইটিকে বলে, 'পড়ালেখায় মন দাও। জীবনের লক্ষ্য এখনই ঠিক কর। লক্ষ্যহীন জীবন সঠিকভাবে পরিচালিত হয় না। বরং হতাশা এসে জীবন গ্রাস করে। কোথায় যেতে চাও এখনই মনঃস্থির কর'।

(ক) কী আমাদের জীবনপথে এগিয়ে নিয়ে যায়? ১

(খ) মানুষ কেন অজানাকে জানার অনুসন্ধান করে? ২

(গ) 'প্রতিটি মানুষের জীবনের লক্ষ্য থাকা দরকার।' উক্তিটির সার্থকতা লেখ। ৩

(ঘ) উদ্দীপকের আলোকে পূর্ণতার সন্ধানে ব্যর্থতার কারণ বিশ্লেষণ কর। ৪